তারিখ 24 NOV 1995
পৃষ্ঠা ১৫ কলাম ৫

দৈনিক জনকণ্ঠ

১৫

# কলমাকান্দা শিক্ষা অফিসে দুর্নীতি ॥ শিক্ষকদের ৫০ লাখ টাকা আত্মসাত

নেত্রকোনা, ২৩ নবেম্বর (নিজস্ব সংবাদদাতা)।- কলমাকান্দা থানায় জালিয়াতির মাধ্যমে ২৮১ জন শিক্ষকের বেতনসহ অন্যান্য বিলের প্রায় অর্ধকোটি টাকা আত্মসাত করা হয়েছে। থানার শিক্ষা অফিসার ও অন্যান্য অফিসের কর্মচারীও এর সঙ্গে জড়িত বলে অভিযোগ রয়েছে। এ ব্যাপারে একজনকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে।

জানা গেছে, কলমাকান্দা থানার ৭৫টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ২৮১জন শিক্ষকের বেতনসহ অন্যান্য বিল শিক্ষা অফিস, সোনালী ব্যাংক ও থানা হিসাব বিভাগের এক শ্রেণীর কর্মকর্তা-কর্মচারী দীর্ঘদিন ধরে জালিয়াতির মাধ্যমে আত্মসাত করে আসছে। আত্মসাতকৃত অর্থের মধ্যে জিবিফান্ড, শ্রান্তি বিনোদন ভাতা, উৎসব ভাতা ও বকেয়া বেতন রয়েছে। শিক্ষকরা টাকা তুলতে গিয়ে সম্প্রতি এই আত্মসাতের ঘটনা জানতে পারেন। এ ব্যাপারে শিক্ষকরা সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে অভিযোগ দাখিল করেছেন।

১৯৮৮ সালে কলমাকান্দা থানার ৪টি স্কুলকে সরকারীকরণ করা হয়। এই স্কুলগুলোর বকেয়া বেতনসহ অন্যান্য ভাতাদির জন্য ১৯৯৫ সালের জুন মাসে ডিজি (প্রাথমিক) থেকে প্রায় ১৫ লাখ টাকা বরাদ্দ হয়। এই বরাদ্দকৃত টাকা শিক্ষা অফিসসহ অন্যান্য অফিসের এক শ্রেণীর কর্মকর্তা-কর্মচারী বরাদ্দ আসার ৩ মাস পূর্বে '৯৫-এর মার্চে শিক্ষকদের স্বাক্ষর জাল করে তুলে নেয়।

ঘটনাটি তদন্ত করলে আত্মসাতকৃত টাকার অঙ্ক আরও বাড়বে বলে ধারণা করা হচ্ছে।